দৈনিক ইত্তেফাক

তারিখ 13 FEB 1993
পৃষ্ঠা ১ কলাম ৪

# শিক্ষার মান উন্নয়নে কমিশন গঠন করা প্রয়োজন

মইনুল হোসেন

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (শুক্রবার) ঢাকার শ্যামলীস্থ মর্নিং বেল কিণ্ডারগার্টেন এণ্ড স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসারে দৈনিক ইত্তেফাক ও নিউ-নেশনের সম্পাদকমণ্ডলীর সভা-

( ১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ )

## শিক্ষার মান

( ১ম পৃঃ পর )

পতি ব্যারিষ্টার মইনুল হোসেন বলিয়াছেন, শিক্ষার মান উন্নয়নের জন্য একটি কমিশন গঠন করা প্রয়োজন। কারণ শিক্ষার মানের অবনতি ঘটায় জাতীয় উন্নতি-অগ্রগতি অর্জন করা কঠিন হইয়া পড়িয়াছে।

মর্নিং বেল কিণ্ডারগার্টেন এণ্ড স্কুলে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে স্কুলের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান মোঃ লুৎফর রহমান হাওলাদার, বাংলাদেশ কিণ্ডারগার্টেন এসোসিয়েশনের মহাসচিব শাহজাদা মোহাম্মদ আলী ও স্কুলের অধ্যক্ষ মিসেস জাহানারা রহমান বক্তব্য দেন। অনুষ্ঠানের প্রধান অতিথি ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। ব্যারিষ্টার মইনুল হোসেন একই দেশে দুই ধরনের শিক্ষা ব্যবস্থা চালু থাকার ব্যাপারে বিদ্যমান বিতর্ক প্রসঙ্গে বলেন, শিক্ষা দানের পদ্ধতি ও প্রক্রিয়ায় বৈচিত্র্য অবশ্যই থাকিতে পারে।

তিনি বলেন, ব্যক্তিগত উদ্যোগে অনেক কিণ্ডার গার্টেন স্কুল গড়িয়া উঠিয়াছে। কিণ্ডার গার্টেন স্কুলের বাস্তবতাকে স্বীকার করিয়া নিয়া এইসব স্কুলে যাহারা পড়াশুনা করিতেছে তাহাদের প্রতিও সরকারের নজর দিতে হইবে। কারণ তাহারা এদেশেরই সন্তান। তিনি বলেন, কিণ্ডার গার্টেন স্কুলের রেজিষ্ট্রেশনের ব্যাপারে সরকার তথা শিক্ষা মন্ত্রণালয়কে নূতন করিয়া চিন্তা-ভাবনা করিতে হইবে।

মর্নিং বেল কিণ্ডার গার্টেন এণ্ড স্কুলের শিক্ষক, ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের মধ্যে সুন্দর সম্পর্কের প্রশংসা করিয়া তিনি বলেন, বিদেশের মতন এদেশেও স্কুলের সঙ্গে অভিভাবকদের একটা নিবিড় সম্পর্ক গড়িয়া তোলা দরকার।

স্কুলটির প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান মোঃ লুৎফর রহমান হাওলাদার বলেন, বাংলাদেশ শিক্ষার দিক দিয়া পিছাইয়া পড়িয়াছে। বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস জাতির জন্য উদ্বেগের বিষয়। জাতির ভবিষ্যৎকে সুন্দর করিতে হইলে শিক্ষার উপর গুরুত্ব দিতে হইবে। বাংলাদেশ কিণ্ডার গার্টেন এসোসিয়েশনের মহাসচিব শাহজাদা মোহাম্মদ আলী বলেন, স্বাধীনতাউত্তর শিক্ষা ক্ষেত্রে বিদ্যমান নৈরাজ্যের পরিপ্রেক্ষিতে কিণ্ডার গার্টেন স্কুলের উদ্ভব ঘটিয়াছে। দেশ ও জাতির কল্যাণে আমাদেরকে আন্তর্জাতিক মানের শিক্ষা বিস্তারে কঠোর পরিশ্রম করিতে হইবে। সরকারী স্বীকৃতি মিলুক আর নাই মিলুক দেশের সুধীসমাজের স্বীকৃতি আমাদেরকে অনুপ্রাণিত করিবে। স্কুলের অধ্যক্ষা মিসেস জাহানারা রহমান উপস্থিত সকলকে ধন্যবাদ জানান।